গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
**তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ**
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা।
(গবেষণা ও বৃত্তি শাখা)

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.২০.০০১.১৯-১৫৩

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৬ / ১৩ মে ২০১৯

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ ২০১৮-১৯ অর্থবছরে ২য় রাউন্ডে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে বিশেষ অনুদান প্রদানের জন্য মঞ্জুরি।**

তথ্য প্রযুক্তি সংশ্লিষ্ট প্রকল্পের জন্য এতৎসংক্রান্ত কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে নিম্নবর্ণিত ব্যক্তিকে পার্শ্বে বর্ণিত পরিমাণ অর্থ পত্রে উল্লিখিত শর্ত সাপেক্ষে অনুদান প্রদানের সরকারি আদেশ (জি.ও.) নির্দেশক্রমে জারি করছি।

| নাম ও ঠিকানা | যে প্রকল্পের জন্য অর্থ প্রদান করা হচ্ছে সেই প্রকল্পের বিবরণ | আইসিটি বিভাগের সিদ্ধান্ত ও অনুদানের পরিমাণ | ২০১৮-১৯ অর্থবছরে ১ম কিস্তিতে/ এককালীন প্রদেয় অর্থ |
|---|---|---|---|
| **মোঃ বেলাল হোসেন**<br>উদ্যোক্তা, সাতকানিয়া সিইসি, সাতকানিয়া, চট্টগ্রাম<br>মোবাইল: ০১৮১৯০৬৬০৩১<br>ই-মেইল: uiscsatkania@yahoo.com | **প্রকল্পের শিরোনাম:** CEC Management System<br>**প্রকল্পের সার-সংক্ষেপ:** বিসিসি দ্বারা দেশের ৩০টি উপজেলায় ৩০টি কমিউনিটি ই-সেন্টার (সিইসি) স্থাপন ও ওয়েবসাইট তৈরীর মাধ্যমে "Village Bazaar" নামে একটি ই-কমার্স পোর্টাল চালু করলেও সম্পূর্ণভাবে বিফল হয়েছে। সিইসি'র ৩০টি ওয়েবসাইটের মাধ্যমে দেশীয় পণ্য নিয়ে (খুচরা ও পাইকারী) একটি ই-কমার্স কার্যক্রম চালু করা হবে। এই প্রকল্পের মাধ্যমে সিইসি'র উদ্যোক্তারা লাভবান হওয়াসহ গ্রাম পর্যায়ে ক্ষুদ্র ও কুটির শিল্পগুলোও লাভবান হওয়ার পাশাপাশি অধিক প্রসার ঘটবে। সাথে সাথে SASEC RTNB প্রকল্পের অধীনে থাকা ভারত, নেপাল ও ভুটানে বাংলাদেশী পণ্য রপ্তানীতে সুযোগ পাওয়া যাবে। | প্রস্তাবিত বাজেট পর্যালোচনা ও সংশোধন করে প্রকল্পে অনুদান হিসেবে ০২ (দুই) কিস্তিতে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা প্রদানের সুপারিশ প্রদান করা হলো। | ৫,০০,০০০/-<br>(পাঁচ লক্ষ) |

২। **শর্তসমূহ:**

(ক) বরাদ্দকৃত অর্থ ব্যয়ে The Public Procurement Act, 2006 & The Public Procurement Rules 2008 সহ যাবতীয় আর্থিক বিধি-বিধান এবং Financial Propriety যথাযথভাবে অনুসরণ করতে হবে;

(খ) অনুদান প্রদত্ত অর্থ দিয়ে প্রকল্প বাস্তবায়নকালে উল্লেখযোগ্য কাজের স্থিরচিত্র এবং সম্পূর্ণ কাজের সফ্টকপি সংরক্ষণপূর্বক তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে;

(গ) সরকার তথা তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে বরাদ্দ প্রদত্ত অর্থ দ্বারা প্রকল্পটি বাস্তবায়ন করা হচ্ছে মর্মে ব্যাপকভাবে প্রচার করতে হবে;

(ঘ) অনুদানের অর্থ ব্যয়ের ক্ষেত্রে কোনরূপ অনিয়ম হলে কিংবা কোন প্রকার অনিয়মের অভিযোগ প্রমাণিত হলে অভিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদানের সম্পূর্ণ অর্থ সরকারের নিকট ফেরৎ দিতে বাধ্য থাকবে;

(ঙ) অনুদানের অর্থ ব্যবহারের বিষয়টি মূল্যায়ন কমিটি, আইসিটি বিভাগের কর্মকর্তা/মাঠ প্রশাসনের কর্মকর্তা কর্তৃক মনিটর করা হবে এবং পরিবীক্ষণে গৃহীত/চলমান কার্যক্রম সন্তোষজনক বলে প্রতীয়মান না হলে অনুদানের অর্থ সম্পূর্ণ কিংবা আংশিক ফেরত দিতে হবে;

(চ) প্রদত্ত অর্থ ব্যয়ের বিবরণী এবং বিল-ভাউচার এর মূল কপি আইসিটি বিভাগের সংশ্লিষ্ট শাখায় সরাসরি জমা দিতে হবে;

(ছ) অনুদান প্রদানের জন্য মনোনীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান অনুদানের অর্থ নির্ধারিত সময়সীমার মধ্যে যথাযথভাবে ব্যবহারে অসমর্থ হলে মঞ্জুরীকৃত সম্পূর্ণ অথবা আংশিক অর্থ ট্রেজারী চালানের মাধ্যমে আইসিটি বিভাগে ফেরত দিতে হবে;

(জ) উপরোক্ত বিষয়াদি প্রতিপালন না হলে/ব্যত্যয় হলে ফৌজদারী কার্যবিধি, পি.ডি.আর. এ্যাক্ট ও সংশ্লিষ্ট আইনের বিধি মোতাবেক অভিযুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠান এর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) প্রকল্পের কার্যক্রম সম্পাদন শেষে ০১ (এক) মাসের মধ্যে সমাপনী প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে দাখিল করতে হবে এবং প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত ডকুমেন্ট/সফট্ওয়্যার/মালামাল জনসেবা প্রদানের স্বার্থে ব্যবহারের লক্ষ্যে আইসিটি বিভাগে অথবা এ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রতিষ্ঠানের নিকট জমা প্রদান করতে হবে;

(ঞ) প্রকল্পের কার্যক্রম সম্পাদন শেষে অব্যয়িত অর্থ (যদি থাকে) ট্রেজারী চালানের মাধ্যমে জমা করে সিটিআর গ্রহণপূর্বক ট্রেজারী চালানের কপিসহ বিল-ভাউচার দাখিল করে পরবর্তী ০১ মাসের মধ্যে সমন্বয় করতে হবে;

(ট) অনুদান প্রদত্ত অর্থ দ্বারা রাষ্ট্র, সমাজ এবং সরকার বিরোধী কোন কর্মকান্ড পরিচালনা করা যাবে না;

(ঠ) প্রশিক্ষণার্থীদেরকে ডিজিটাল নিরাপত্তা বিষয়ে ধারণা প্রদান করতে হবে এবং সচেতন করে তুলতে হবে;

(ড) অনুদানপ্রাপ্ত প্রকল্প জাতীয়/আন্তর্জাতিক পর্যায়ে কোন পুরস্কার/স্বীকৃতি অর্জন করলে তার প্রমাণকসহ বিস্তারিত প্রতিবেদন আইসিটি বিভাগে দাখিল করতে হবে;

(ঢ) উপর্যুক্ত বিষয়ে মনোনীত সরকারি/বেসরকারি ব্যক্তি/প্রতিষ্ঠানকে ৩০০/- (তিন শত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঘোষণা পত্র দিতে হবে।

৩। মঞ্জুরীকৃত প্রকল্পের জন্য ১ম কিস্তিতে প্রদেয় মোট **৫,০০,০০০/- (পাঁচ লক্ষ)** টাকা মনোনীত ব্যক্তিকে প্রদানের নিমিত্ত **"মোঃ বেলাল হোসেন"** শিরোনামে ক্রস চেক ইস্যু করতে নির্দেশক্রমে অনুরোধ করছি।

৪। চলতি অর্থবছরে "বিশেষ অনুদান" খাতে (কোড নং ১২৮০১০১-১২০০০৮৪৩১-**৩৬৩১১০৭) বরাদ্দকৃত বাজেট হতে এ অর্থ ব্যয় হবে।

৫। এ বিষয়ে অর্থ বিভাগের ১৮-০৪-২০১৯ তারিখের ০৭.১২৫.০২০.২৮.০১.০০৩.২০১৫-৫০নং পত্রে সম্মতি পাওয়া গেছে **(কপি সংযুক্ত)**।

(মোহাম্মদ আবুল খায়ের)
উপসচিব
☎ ৫৫০০৬৮৭০
✉ mkhayer@ictd.gov.bd

স্মারক নম্বর-৫৬.০০.০০০০.০২৮.২০.০০১.১৯-১৫৩

তারিখঃ ৩০ বৈশাখ ১৪২৬
১৩ মে ২০১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
২। মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৩। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। উপজেলা নির্বাহী অফিসার, সাতকানিয়া, চট্টগ্রাম।
৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, উপজেলা কার্যালয়, সাতকানিয়া, চট্টগ্রাম।
৭। মোঃ বেলাল হোসেন, উদ্যোক্তা, সাতকানিয়া সিইসি, সাতকানিয়া, চট্টগ্রাম (স্থানীয় প্রশাসন/আইসিটি বিভাগের স্থানীয় কর্মকর্তাদের অবহিত রেখে প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের জন্য তাকে অনুরোধ করা হলো)।

মোহাম্মদ আবুল খায়ের
উপসচিব